



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
ফটিকছড়ি, চট্টগ্রাম।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০২.১৫৩৩.০০০.৯৯.০০০.২১-১৬১২

তারিখঃ- ০৭/০৬/২০২২খ্রিঃ।

## “নোটিশ”

আগামী ১৪/০৬/২০২২ইং তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকায় সময় ফটিকছড়ি উপজেলা পরিষদের “অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ স্থায়ী কমিটির” এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মিসেস জেবুন নাহার মুক্তা, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম এর সভাপতিত্বে মুক্তিযোদ্ধা জহুরুল হক হল রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭/০৬/২২  
তনুয় নাথ

উপজেলা প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
ফটিকছড়ি, চট্টগ্রাম।  
ফোনঃ ০২৩৩৪-৪৫৭১৮৯  
[ue.fatikchari@lged.gov.bd](mailto:ue.fatikchari@lged.gov.bd)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৩। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৫। দপ্তর নথি।

## অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি	:	মিসেস জেবুন নাহার মুক্তা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
সভার তারিখ	:	১৪/০৬/২০২২ইং।
সময়	:	সকাল ১২.০০ ঘটিকা।
স্থান	:	মিসেস জেবুন নাহার মুক্তা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।

ক্রমিক নং	নাম	পদবী	সভার কার্য বিবরণী রেজিস্টারের নং -০১ পৃষ্ঠায় স্বাক্ষর সংরক্ষিত
০১।	জনাব মোঃ জানে আলম	চেয়ারম্যান, দাঁতমারা ইউ,পি, ফটিকছড়ি, চট্টগ্রাম।	স্বাক্ষর/অস্পষ্ট
০২।	জনাব মোঃ সোহরাব হোসাইন	চেয়ারম্যান, খিরাম ইউ,পি ফটিকছড়ি, চট্টগ্রাম।	স্বাক্ষর/অস্পষ্ট
০৩।	জনাব মোহাঃ দিদারুল আলম	চেয়ারম্যান, কাঞ্চননগর ইউ,পি ফটিকছড়ি, চট্টগ্রাম।	স্বাক্ষর/অস্পষ্ট
০৪।	জনাব তন্ময় নাথ	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফটিকছড়ি, চট্টগ্রাম।	স্বাক্ষর/অস্পষ্ট

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

আলোচ্য সূচিঃ- অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচনাঃ- উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফটিকছড়ি, চট্টগ্রাম অত্র বিভাগের কার্যক্রম সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ফটিকছড়ি উপজেলায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্পের কাজগুলো সমাপ্ত করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা উন্নয়ন প্রকল্প সমূহ মানসম্মতভাবে বাস্তবায়নের লক্ষ্যে সার্বক্ষণিকভাবে উন্নয়ন কাজের তদারকি করার জন্য কারিগরী কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশ প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ১- এই ব্যাপারে বিস্তারিত আলোচনাতে ফটিকছড়ি উপজেলায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্পের কাজগুলো সমাপ্ত করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা উন্নয়ন প্রকল্প সমূহ মানসম্মতভাবে বাস্তবায়ন পদক্ষেপ নিতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফটিকছড়ি, চট্টগ্রামকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে সরকারি সকল সিদ্ধান্ত নীতিমালা মোতাবেক বাস্তবায়নে সহযোগিতা দিতে এবং ফটিকছড়ি উপজেলার উন্নয়নে এগিয়ে আসতে সভাপতি কর্তৃক পুনরায় আহ্বান জানানো হয়। আবারও সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জেবুন নাহার মুক্তা  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
ফটিকছড়ি, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৩। দপ্তর নথি।